SMC
Live better

# এসএমসি নিউজ
GKiU ˆÎgwmK cÎKv
# SMC News
A Quaterly Publication

msL¨v: 43
অক্টোবর - ডিসেম্বর ২০২২
Issue: 43
October - December 2022




## †÷K‡nvìvi‡`i mv‡_ GgGgGm we l‡q gZwewbgq

অবসটেট্রিক্যাল ও গাইনোকোলজিক্যাল সোসাইটি অব বাংলাদেশ (ওজিএসবি) পটুয়াখালী জেলার কুয়াকাটাতে ফেব্রুয়ারি ২-৩, ২০২৩ তারিখে মা, নবজাতক এবং নারী স্বাস্থ্যবিষয়ক স্টেকহোল্ডারদের সাথে নীতি-নির্ধারণ, দিক-নির্দেশনা ও পরিকল্পনা বিষয়ে একটি আলোচনা সভার আয়োজন করে। ওজিএসবি'র প্রায় ১২০ জন সদস্য বৈঠকে উপস্থিত ছিলেন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (MOHFW) এবং স্বাস্থ্য অধিদপ্তর (DGHS)-এর উচ্চপদস্থ কর্মকর্তাদের সাথে পরামর্শ ও সুপারিশ নিয়ে আলোচনা করেন। ওজিএসবি'র প্রেসিডেন্ট ইলেক্ট অধ্যাপক ডা: ফারহানা দেওয়ান মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস (এমএমএস)-এর ওপর বৈজ্ঞানিক গবেষণাপত্র উপস্থাপন করেন এবং গর্ভবতী নারীদের পুষ্টি অবস্থার উন্নয়ন এবং কম ওজন সম্পন্ন শিশু জন্ম হ্রাসে এমএমএস-এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করেন।

উল্লেখ্য যে, এসএমসি সারাদেশে এমএমএস বাজারজাত করেছে যা ফুলকেয়ার নামে পরিচিত। উক্ত সভায় এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান বাংলাদেশে ফুলকেয়ারের সহজলভ্যতা, সরবরাহ ও বিক্রয় বৃদ্ধি বিষয়ে মূল্যবান মতামত ও অভিজ্ঞতা বিনিময় করেন। সভায় অন্যান্যের মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের সচিব ডা: মোঃ আনোয়ার হোসেন হাওলাদার, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা: এবিএম খুরশিদ আলম (ভার্চুয়ালি উপস্থিত ছিলেন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ডা: আহমেদুল কবির, লাইন ডিরেক্টর, এমএনসি এবং এএইচ ডা: শরিফুল ইসলাম, ওজিএসবি'র সভাপতি প্রফেসর ডা: ফেরদৌসী বেগম এবং ওজিএসবি'র অন্যান্য নেতৃবৃন্দও বক্তব্য রাখেন। সরকারি কর্মকর্তাবৃন্দ গর্ভবতী নারীদের পুষ্টি অবস্থার উন্নয়নে এমএমএস ব্যবহারের উপকারিতা বিষয়ে একমত হন। এমএমএস-এর সঠিক বাস্তবায়নের লক্ষ্যে তারা জাতীয় পর্যায়ে একটি আনুষ্ঠানিক প্রস্তাব যথাযথ সরকারী কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করার পরামর্শ দেন।

## Policy Discussion with Stakeholders on MMS

The Obstetrical and Gynecological Society of Bangladesh (OGSB) organized a policy discussion meeting with the stakeholders on maternal, newborn and women's health on February 2-3, 2023 in Kuakata, Patuakhali District. About 120 Members of OGSB attended the meeting and shared their technical recommendations with the high officials of the Ministry of Health & Family Welfare (MOHFW) and Directorate General of Health Services (DGHS). Professor Dr. Farhana Dewan, President-Elect of OGSB, presented scientific paper on Multiple Micronutrient Supplements (MMS) and discussed about the importance of MMS in improving maternal nutrition and reducing the prevalence of low birth weight baby. It may be mentioned here that SMC has introduced MMS across the country which is branded as FullCare. Mr. Toslim Uddin Khan, MD & CEO of SMC shared his views and experience in the meeting on scaling up FullCare in Bangladesh.

Among others, Dr. Md. Anwar Hossain Howlader, Secretary, Health Services Division, MOHFW, Prof. Dr. ABM Khurshid Alam, Director General, DGHS (attended virtually), Dr. Ahmedul Kabir, Additional Director General (Admin), DGHS, Dr. Shariful Islam, Line Director, MNC & AH, Prof. Dr. Ferdousi Begum, President of OGSB and other OGSB leaders also attended the discussion and spoke on the occasion. The government officials acknowledged the benefits of using MMS to improve the nutritional status of pregnant women. They suggested to place the formal proposal to the appropriate government authority for its better implementation at national level.

## B›Uvibïvkbvj Ks‡Mm Ae wbDwUkb Gi 22Zg Avm‡i GmGgwm'i AskMnY

এসএমসির ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান ডিসেম্বর ৬-১১, ২০২২ তারিখে জাপানের টোকিওতে অনুষ্ঠিত ২২তম ইন্টারন্যাশনাল কংগ্রেস অব নিউট্রিশন সেমিনারে অংশগ্রহণ করেন। জাপানের বিজ্ঞান পরিষদ এই অনুষ্ঠানের আয়োজন করে। ইভেন্টের মূল উদ্দেশ্য ছিল বিশ্বব্যাপী আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে পুষ্টি বিজ্ঞান, গবেষণা ও অগ্রগতি সম্পর্কে ধারণা প্রদান এবং পুষ্টি বিজ্ঞানীদের মধ্যে যোগাযোগ ও সহযোগিতার বন্ধন দৃঢ় করা। অনুষ্ঠানটি 'পুষ্টির শক্তি: ১০ বিলিয়ন মানুষের হাসির জন্য'-প্রতিপাদ্যকে সামনে রেখে আন্তর্জাতিক পুষ্টি বিশেষজ্ঞ, গবেষক, উন্নয়ন সহযোগী এবং পুষ্টি সংগঠকদের মিলনমেলায় পরিণত হয়েছিল।




উক্ত সভায় জনাব তছলিম উদ্দিন খান মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্ট (এমএমএস) কর্মসূচি সম্পর্কে বাংলাদেশের অভিজ্ঞতা ও উদ্যোগের ওপর একটি উপস্থাপনা পেশ করেন। অনুষ্ঠানের সঞ্চালক এবং শ্রোতাবৃন্দ জনাব খান-এর উপস্থাপনার ভূয়সী প্রশংসা করেন। এই সেমিনারে উপস্থিত শ্রোতাদের জন্য এমএমএস-এর গুরুত্ব, প্রয়োজনীয়তা ও চাহিদা বৃদ্ধি এবং পুষ্টি বিশেষজ্ঞদের মূল্যবান মতবিনিময়ের সুযোগ করে দিয়েছে।

## SMC Participated in 22nd International Congress of Nutrition

Mr. Toslim Uddin Khan, MD & CEO of SMC participated in the International Congress of Nutrition held in Tokyo, Japan on December 6-11, 2022. The event was organized by Science Council of Japan. The main objective of the event was to share the advancement in nutrition science, research and development through international cooperation at the global level and encourage communication and collaboration amongst the nutrition scientists. It was an assembly of nutrition experts, advocates and the leaders engaged in valuable discussions on nutritional issues under the theme- The Power of Nutrition: For the Smiles of 10 Billion People.

Mr. Khan made a presentation on Bangladesh Experience on Multiple Micronutrient Supplements (MMS) Program in the congress. The moderator as well as the audience appreciated Mr. Khan for his presentation. The congress provided an opportunity for attendees to hear from nutrition experts and advocates on the importance and need for the introduction and scaling up MMS.

## BDGmGAvBwW cwZwbwa`‡ji fvjKv d¨v±wi cwi`kb

গত ৮ নভেম্বর, ২০২২ তারিখে ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএআইডি)-এর একটি প্রতিনিধিদল এসএমসি'র ভালুকা ফ্যাক্টরি এবং সেন্ট্রাল ওয়্যারহাউজ পরিদর্শন করেন। এই পরিদর্শনের উদ্দেশ্য ছিল ফ্যাক্টরি এবং ওয়্যারহাউজ-এর সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ করা। পরিদর্শনকালে কারখানার পক্ষ থেকে ওআরএস-এর উৎপাদন প্রক্রিয়া, গুণগতমান নিশ্চিতকরণ, ল্যাব সুবিধা, গুদামজাতকরণ এবং ওয়্যারহাউজের নতুন ও বিদ্যমান সুবিধাদি সম্পর্কে একটি উপস্থাপনা পেশ করা হয়। প্রতিনিধিদলটি অত্যাধুনিক সুবিধাসম্পন্ন ওআরএস ফ্যাক্টরি এবং সেন্ট্রাল ওয়্যারহাউজ দেখে তাদের সন্তুষ্টি প্রকাশ করেন।

এছাড়া, গত ৯ নভেম্বর, ২০২২ তারিখে ইউএসএআইডি'র প্রতিনিধিগণ ময়মনসিংহ জেলার ত্রিশাল বাসস্ট্যান্ড সংলগ্ন নার্গিস মেডিকেল হল নামে একটি ব্লু-স্টার স্টার কেন্দ্র পরিদর্শন করেন এবং প্রোগ্রামের বিভিন্ন বিষয় নিয়ে ফার্মেসির মালিক জনাব এ জেড তোফায়েল আহমেদ এর সাথে



## USAID Delegates Visited SMC Bhaluka Factory

A delegation from the United States Agency for International Development (USAID) visited Bhaluka Factory and Central Warehouse of SMC on November 8, 2022. The purpose of the visit was to oversee the ORS factory and Central Warehouse of SMC. During the visit, SMC factory management made a presentation depicting the overview of ORS production facilities and Central Warehouse operations. The USAID team expressed their satisfaction seeing the state-of-the-art ORS factory and Central Warehouse.

On November 9, 2022, the delegates visited a Blue Star Provider Mr. A Z Tofayel Ahmed, Nargis Medical Hall, Trishal Bus Stand, Mymensingh and discussed various issues related to the program activities. The delegation includes Dr. Fida Mehran, Health Specialist, Office of

আলোচনা করেন। প্রতিনিধিদলের মধ্যে ছিলেন ইউএসএআইডি বাংলাদেশের জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি (ওপিএইচএন) অফিসের স্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. ফিদা মেহরান; ইউএসএআইডি ওয়াশিংটন অফিসের সিনিয়র কমোডিটি অ্যাডভাইজার অ্যাশলে স্মিথ; ওপিএইচএন অফিসের যোগাযোগ বিশেষজ্ঞ মিস কেলি লিঞ্চ এবং প্রকল্প ব্যবস্থাপনা সহকারী মিস রিস্তিয়া লিম্পা, এসএমসি'র অতিরিক্ত মহাব্যবস্থাপক (ট্রেনিং ও সর্ভিস ডেলিভারি) ডা: সালাহ উদ্দিন অহমেদ প্রমুখ।

Population, Health, and Nutrition; Ashley Smith, Senior Commodity Advisor, USAID Washington; Kelley Lynch, Communications Specialist, Office of Population, Health, and Nutrition (OPHN), and Ms. Ristia Limpa, Project Management Assistant. Dr. Salah Uddin Ahmed, Addl GM, Training and Service Delivery, SMC accompanied the USAID team during the visit.

## সিস্টেম এনালাইসিস প্রোগ্রাম ডেভেলপমেন্ট (SAP) বাস্তবায়ন শুরু করলো এসএমসি

এসএমসি'র আইসিটি বিভাগ কর্মীদের ব্যবসায়িক কর্মদক্ষতা বৃদ্ধি এবং ভবিষ্যতে নতুন নতুন প্রযুক্তিগত উদ্ভাবনসমূহ কাজে লাগাতে সিস্টেম এনালাইসিস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (SAP) এবং এন্টারপ্রইজ রিসোর্স প্লানিং (ERP) সিস্টেম বাস্তবায়ন শুরু করেছে। গত ১৮ অক্টোবর, ২০২২ তারিখে এসএমসি'র প্রধান কার্যালয়ে SAP এর প্রথম আনুষ্ঠানিক অধিবেশনটি অনুষ্ঠিত হয়। এই সেশনের লক্ষ্য ছিল অপারেশনাল উৎকর্ষতা বাড়ানো এবং তথ্য ব্যবস্থাকে এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং (ERP) সিস্টেমে আপগ্রেড করা। এসএমসি'র ফার্মাসিউটিক্যালস, ম্যানুফ্যাকচারিং, ট্রেডিং এবং ডিস্ট্রিবিউশন সহ প্রায় সকল ব্যবসায়িক কার্যক্রমে এই সিস্টেমটি খুবই উপযুক্ত।

এসএমসি এবং এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন এফসিএ, এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব আফতাব উল ইসলাম এফসিএ, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান, এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক এবং উভয় কোম্পানির উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন। এসএমসি ইএল-এর আইসিটি বিভাগের উপ-মহাব্যবস্থাপক এবং SAP প্রকল্পের ব্যবস্থাপক জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন তার উপস্থাপনায় SAP এর সুবিধা এবং মূল বৈশিষ্ট্যগুলো তুলে ধরেন এবং এটি কীভাবে কোম্পানির কৌশলগত সিদ্ধান্ত গ্রহণ এবং ব্যবসায়িক প্রক্রিয়াগুলোকে আরো সহজতর এবং একীভূত করতে সাহায্য করবে তা উপস্থাপন করেন।

## SMC Started Implementing System Analysis Program Development (SAP)

The ICT Division of SMC has started implementing the System Analysis Program Development (SAP) and Enterprise Resource Planning (ERP) system to increae the productivity of the employees and grab future opportunities. The kick-off session of SAP was held on October 18, 2022 at SMC Head Office with an aim to enhance the operational excellence and upgrade its information system to Enterprise Resource Planning (ERP) system. The ERP system is the best fit for almost all business functions like pharmaceuticals, manufacturing, trading and distribution of SMC.

Mr. Muhammed Farhad Hussain FCA, Director, SMC and SMC EL Board, Mr. Aftab ul Islam FCA, Director, SMC and SMC EL Board, Mr. Toslim Uddin Khan, MD & CEO of SMC, Mr. Abdul Haque, MD of SMC EL and the senior management members of both SMC and SMC EL were present in the program. Mr. Mohammad Giash Uddin, Addl GM, ICT Division and Project Manager, SAP project highlighted the advantages and key features of SAP in his presentation particularly how it will benefit company's strategic decision making and integrating business processes.



## ইউএসএআইডি'র ৪র্থ বার্ষিক গ্লোবাল হেলথ লোকাল পার্টনার সভায় এসএমসি'র অংশগ্রহণ

গত ১৪-১৭ নভেম্বর, ২০২২ তারিখে ইউএসএআইডি'র ৪র্থ গ্লোবাল হেলথ লোকাল পার্টনার সভা দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে অনুষ্ঠিত হয়। বিশ্বজুড়ে বিভিন্ন দেশে ইউএসএআইডি'র সফল স্থানীয়করণ প্রচেষ্টাসমূহ তুলে ধরতে এই সভার আয়োজন করা হয়। উক্ত সভায় বিশ্বের মোট ১৭০ জন বাস্তবায়নকারী সংস্থা এবং ইউএসএআইডি'র প্রতিনিধি অংশগ্রহণ করেন।



এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান ১৫ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার উদ্বোধনী অধিবেশনে প্যানেলিস্ট হিসেবে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন গ্লোবাল হেলথের উপ-সহকারী প্রশাসক মিস মেলিসা জোনস। অনুষ্ঠানে জনাব খান তাঁর আলোচনায় ইউএসএআইডি'র সাথে সুদীর্ঘ কর্ম অভিজ্ঞতা এবং এসএমসি'র টেকসই ব্যব্যস্থাপনা বিষয়ে আলোকপাত করেন। সুন্দর উপস্থাপনার জন্য প্যানেল সদস্য এবং শ্রোতাবৃন্দ জনাব খানকে অভিনন্দন জানান।

## SMC Participated in 4th Annual USAID Global Health Local Partner Meeting

The 4th Annual Global Health Local Partner Meeting of USAID was held on November 14-17, 2022 in Johannesburg, South Africa. The meeting was organized to showcasing USAID's past successful localization efforts of the different regions across the globe. The meeting provided an excellent opportunity to network with over 170 partners from around the world and USAID staff.

Mr. Toslim Uddin Khan, MD & CEO virtually participated in the opening session as a panelist held on November 15, 2022 which was moderated by Ms. Melissa Jones, Deputy Assistant Administrator for Global Health. Mr. Khan shared learning experiences with USAID and sustainability approach of SMC. The panel members and the audience applauded Mr. Khan for his thoughtful remarks in the session.

## ওজিএসবি'র সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে এসএমসি'র অংশগ্রহণ

গত ৬ ডিসেম্বর, ২০২২ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) অনুষ্ঠিত অবস্টেট্রিকাল অ্যান্ড গাইনোকোলজিক্যাল সোসাইটি অব বাংলাদেশ (ওজিএসবি)- এর সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে এসএমসি অংশগ্রহণ করে। সারাদেশের প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞগণ (OBGYNs) উক্ত অনুষ্ঠানে যোগ দেন। বিআইসিসি প্রাঙ্গনে এসএমসি'র নিজস্ব স্টলে দীর্ঘমেয়াদি ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি, 'ফুলকেয়ার' ট্যাবলেট (মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্ট) এবং তিনটি ওরাল কন্ট্রাসেপটিভ পিল (স্মার্ট পিল, নোরিক্স এবং ফেমিকন) প্রদর্শন করা হয়। উক্ত সেমিনারে ট্রেনিং অ্যান্ড সার্ভিস ডেলিভারি বিভাগের অতিরিক্ত মহাব্যবস্থাপক ডাঃ সালাহ উদ্দিন আহমেদ দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতির গুরুত্ব ও প্রয়োজনীয়তা এবং ফুলকেয়ার সেবনের উপকারিতা ও সুবিধা সম্পর্কে একটি উপস্থাপনা পেশ করেন। ওজিএসবি'র নেতৃবৃন্দ ডাঃ সালাহ উদ্দিন-এর উপস্থাপনার প্রশংসা করেন এবং ফুলকেয়ার প্রেস্ক্রাইব করার ওপর গুরুত্বারোপ করেন। সরকারি কর্মকর্তা ও ওজিএসবি'র নেতৃবৃন্দ এসএমসি'র স্টল পরিদর্শন করেন এবং জাতীয় পরিবার পরিকল্পনা কর্মসূচিতে এসএমসি'র অসামান্য অবদানের প্রশংসা করেন।




## Participation of SMC in OGSB Golden Jubilee Event

SMC actively participated in the Golden Jubilee program of the Obstetrical and Gynecological Society of Bangladesh (OGSB) held on December 6, 2022 at Bangabandhu International Conference Center (BICC), Dhaka. The Obstetricians and Gynecologist (OBGYNs) from across the country attended the program. SMC displayed the Long-acting Reversible Contraceptives (LARC) methods, FullCare tablet (Multiple Micronutrient Supplement) along with three Oral Contraceptive Pills (Smart pill, Norix and Femicon) at its Stall at the BICC premises. Dr. Salah Uddin Ahmed, Addl GM, Training & Service Delivery made a presentation in the scientific seminar highlighting the benefits of LARC and FullCare. The OGSB leaders highly appreciated Dr. Salah Uddin for his presentation and acknowledged the importance of prescribing FullCare as well. Government and OGSB officials visited SMC stall and applauded SMC for its contribution to the national family planning program in Bangladesh.

# AviwUwf-GmGgwm gwbwg· †ciYv c`K 2022

গত ২০ ডিসেম্বর, ২০২২ তারিখে আরটিভি এবং এসএমসি যৌথভাবে পঞ্চমবারের মতো প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে আরটিভি-এসএমসি মনিমিক্স প্রেরণা পদক অনুষ্ঠানটির আয়োজন করে। অনুষ্ঠানে মন্ত্রী পরিষদের সদস্য, বিশিষ্ট শিক্ষাবিদ, জনপ্রিয় মিডিয়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ কর্মকর্তা, উন্নয়ন সহযোগী সংস্থা এবং সুশীল সমাজের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এই বছর শিশু স্বাস্থ্য, শিক্ষা ও শিশুদের উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ চারজন ব্যক্তি ও দুইটি প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করা হয়। মনোরম সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বিজয়ীদের হাতে ক্রেস্ট ও সনদপত্র প্রদানের মাধ্যমে অনুষ্ঠানটি সম্পন্ন হয়।




স্বতন্ত্র বিভাগে, শিশু সাহিত্যে অসামান্য অবদানের জন্য ঝর্ণা দাশ পুরকায়স্থ (লেখক), নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের শিশুদের শিক্ষার উন্নয়নে অবদানের জন্য জনাব লিটন গাঞ্জু, প্রতিবন্ধী সাহসী মেয়ে মিস তামান্না আক্তার নুরা যিনি এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়েছেন এবং ২০২২ সালে যুক্তরাজ্যে অনুষ্ঠিত আন্তর্জাতিক ইংরেজি ভাষা প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকারী টিনইগল চ্যাম্পিয়ন নাহিয়ান মাহজাবীনকে পুরস্কৃত করা হয়। প্রাতিষ্ঠানিক বিভাগে, প্রাণী ও পরিবেশ সুরক্ষায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য ‘বেলগাছি যুব সমাজ’ এবং প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান ও আর্থ-সামাজিক উন্নয়নে অসামান্য অবদান রাখার জন্য কিশোর যুব সংগঠন ‘দিশারী’-কে সম্মাননা প্রদান করা হয়।

পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম এ মান্নান এমপি; মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এস এম রেজাউল করিম এমপি; সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে. এম. খালিদ এমপি; সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আশরাফ আলী খান খসরু এমপি; এসএমসি এবং এসএমসি ইএল বোর্ডের চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম; এসএমসি’র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান; ইউএসএআইডি বাংলাদেশের জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি (ওপিএইচএন) অফিসের ডেপুটি অফিস ডিরেক্টর মিস মিরান্ডা বেকম্যান ও আরটিভির চেয়ারম্যান আলহাজ্ব মোরশেদ আলম এমপি উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি গত ডিসেম্বর ২৩, ২০২২ তারিখে আরটিভি এবং আরটিভি অনলাইন-এ সম্প্রচার করা হয়।

# RTV-SMC MoniMix Award 2022

The fifth RTV-SMC MoniMix Award Giving Ceremony was held at the Pan Pacific Sonargaon hotel on December 20, 2022 in partnership with RTV. The program was attended overwhelmingly by ministers, renowned educationists, celebrities, cultural personalities, development partners and high officials of the government, semi-government and civil society organizations. In the event, four individuals and two institutions were awarded in recognition of their outstanding contribution to the child health, education and development sector. The award giving ceremony was enriched with cultural shows followed by handing over crests and certificates to the winners by the high dignitaries in different intervals of the event.

In individual category, Ms. Jharna Dash Purakayastha (author) for her contribution to child literature, Mr. Liton Ganju for his immense contribution to the child education of the small ethnic community, Ms. Tamanna Akhtar Noora, a brave girl with disability who passed the SSC examination with a GPA-5 and Teen Eagle Champion Ms. Nahian Mahzabeen were awarded in the ceremony for securing first position in the International English Language Competition held in UK in 2022. In institutions category, ‘Belgachi Yuva Samaj’ for its significant contribution to the animal and environmental protection and Teen Youth Organization ‘Dishari’ for its great contribution to the overall socio-economic development and educational expansions for the marginalized children were honored in the program.

Mr. M A Mannan MP, Minister, Ministry of Planning; Mr. SM Rezaul Karim MP, Minister, Ministry of Fisheries and Livestock; Mr. K.M. Khalid MP, State Minister for Cultural Affairs; Mr. Md. Ashraf Ali Khan Khasru MP, State Minister for Ministry of Social Welfare; Mr. Waliul Islam, Chairman of the Board of Directors, SMC and SMC Enterprise Limited; Mr. Toslim Uddin Khan, Managing Director & CEO of SMC; Ms. Miranda Beckman, Deputy Office Director, OPHNE, USAID Bangladesh; Alhaj Morshed Alam MP, Chairman of RTV were present and spoke in the occasion. The program was telecast on RTV and RTV online on December 23, 2022.

## কৃমিমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে ক্যাম্পেইন

বাংলাদেশে প্রায় ১২% শিশুদের মধ্যে কৃমি সংক্রমণের প্রাদুর্ভাব রয়েছে (ডিজিএইচএস- বুলেটিন ২০১৮)। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) মতে, কৃমির সংক্রমণের কারণে শিশুদের শারীরিক বৃদ্ধি ও মানসিক বিকাশ, মনোযোগ এবং শেখার ক্ষমতা হ্রাস পায়। কৃমি অন্ত্রের আস্তরণ থেকে রক্ত চুষে বেঁচে থাকে। ফলে দীর্ঘস্থায়ী আভ্যন্তরীণ রক্তপাতের কারণে শিশুদের রক্তস্বল্পতা, অন্ত্রের প্রদাহ, ডায়রিয়া, বমি এবং শরীরে পুষ্টি শোষণ ক্ষমতা ব্যাহত হয়।



কৃমি সংক্রমণ প্রতিরোধে কৃমিনাশক ঔষধ ভার্মিসিড ট্যাবলেট (অ্যালবেন্ডাজল ৪০০ মিগ্রা) এর প্রচার ও প্রসারে গত ১৯-২০ নভেম্বর, ২০২২ তারিখে দেশব্যাপী একটি প্রচারাভিযান (ক্যাম্পেইন) পরিচালনা করা হয়। এই প্রচারণার মূল উদ্দেশ্য ছিল ভার্মিসিড সম্পর্কে সচেতনতা সৃষ্টি এবং সরবরাহ বৃদ্ধির মাধ্যমে বিক্রয় পরিধি প্রসারিত করা। ক্যাম্পেইনটি ছিল প্রোগ্রাম এবং বিক্রয় কর্মী বাহিনীর যৌথ প্রয়াস। দুই দিনব্যাপী এই প্রচারাভিযানে ৯,৫৫২টি আউটলেটে ২.২ মিলিয়ন ভার্মিসিড ট্যাবলেট বিক্রি করা হয়।

## Deworming Campaign for a Healthy Nation

In Bangladesh, prevalence of soil transmitted helminth (STH) infection is 12% among children (DGHS, Bulletin 2018). According to the World Health Organization (WHO), chronic worm infections have been linked to stunted growth, retarded intellectual development, attention deficit and learning disabilities of children coupled with chronic internal bleeding leading to anemia, intestinal inflammation, diarrhea, vomiting and mal-absorption of nutrients.

In order to reduce the STH infection burden and promote deworming tablet-Vermicid (Albendazole 400 mg), a nationwide campaign was conducted on November 19-20, 2022. The purpose of the campaign was to increase awareness on SMC Vermicid and expand outlet coverage to make the product more accessible. It was a joint effort of program and sales forces. During the two-day long campaign, 2.2 million Vermicid tablets were sold covering 9,552 outlets.

## যানবাহন রক্ষণাবেক্ষণ, সড়ক নিরাপত্তা এবং ট্রাফিক নিয়মকানুন বিষয়ে প্রশিক্ষণ

এসএমসি'র প্রধান কার্যালয়ে বিগত ডিসেম্বর ৭, ২০২২ তারিখে এসএমসি এবং এসএমসি ইএল-এর গাড়ি চালক, মেকানিক্স এবং ট্রান্সপোর্ট অফিসারদের নিয়ে যানবাহনের সঠিক রক্ষণাবেক্ষণ, সড়ক নিরাপত্তা এবং ট্রাফিক নিয়ম-কানুন বিষয়ে দিনব্যাপী একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এসএমসি'র মানব সম্পদ বিভাগ এই প্রশিক্ষণ সেশনের আয়োজন করে। এই অধিবেশনের উদ্দেশ্য ছিল সংশ্লিষ্ট কর্মীদের কারিগরি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং মোটরযান নিয়ন্ত্রণ ব্যবস্থা বিষয়ে ধারণা প্রদান করা। মোঃ ফারুক আহমেদ, সহকারী পরিচালক (প্রকৌশল), বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), প্রশিক্ষণ সেশনটি পরিচালনা করেন। ফ্যাসিলিটেটর জনাব ফারুক নিরাপদ ড্রাইভিং এর গুরুত্ব এবং চালকদের ভূমিকা ও দায়িত্ব, বিআরটিএ'র রীতি-নীতি, যানবাহন রক্ষণাবেক্ষণ এবং ট্রাফিক আইন বিষয়েও আলোচনা করেন। এসএমসি এবং এসএমসি ইএল-এর মোট ২৪ জন কর্মী প্রশিক্ষণ সেশনে অংশগ্রহণ করেন।



## Training on Vehicle Maintenance, Road Safety & Traffic Rules

A day long training on Vehicle Maintenance, Road Safety & Traffic Rules for drivers, mechanics and transport officers of SMC and SMC EL was held on December 17, 2022 at SMC Head Office. The training session was organized by HR Division of SMC to increase efficiency of the relevant employees equipping them with technical knowhow and regulatory issues. Md. Faruque Ahmed, Assistant Director (Engineering, Bangladesh Road Transport Authority (BRTA) facilitated the training session. The facilitator also focused on the importance of safe driving, roles and responsibilities of the drivers, procedure of BRTA, vehicle maintenance and traffic rules etc. A total of 24 participants from SMC and SMC EL attended the training session.



## এসএমসি ইএল এর ভ্যাট অ্যাওয়ার্ড অর্জন

এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড সর্বোচ্চ ভ্যাট প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে ২০২০-২১ অর্থবছরের জন্য জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক বিশেষ সম্মাননা লাভ করেছে। পুরস্কার প্রদান অনুষ্ঠানে তিনটি ক্যাটেগরিতে কেবলমাত্র নয়টি প্রতিষ্ঠানকে এই সম্মাননা প্রদান করা হয়। কোম্পানির পক্ষ থেকে এসএমসি ইএল-এর প্রধান অর্থনৈতিক কর্মকর্তা জনাব আবুল বশির খান এফসিএমএ এবং এসএমসি'র প্রধান অর্থনৈতিক কর্মকর্তা জনাব তপন বালা এফসিএ, এফসিএমএ মাননীয় অর্থমন্ত্রী জনাব এএইচএম মুস্তফা কামাল এমপি'র কাছ থেকে এই সম্মানজনক পুরস্কার গ্রহণ করেন।

## SMC EL Received VAT Award

SMC Enterprise Limited was awarded by the National Board of Revenue (NBR) as one of the highest VAT payers in the manufacturing category for FY 2020-2021 at the national level. It is to be noted that only 9 companies were selected for this award in 3 categories. On behalf of the company, Mr. Abul Bashir Khan FCMA, Chief Financial Officer of SMC EL and Mr. Tapan Bala FCA, FCMA, Chief Financial Officer of SMC received the prestigious award from the Honorable Finance Minister of the Ministry of Finance Mr. A H M Mustafa Kamal MP.

## এসএমসি এবং এসএমসি ইএল এর আইএসও ৯০০১:২০১৫ সার্টিফিকেট অর্জন

এসএমসি এবং এসএমসি'র বিভিন্ন বিভাগ যেমন, এসএমসি নীলতারা ক্লিনিক, এসএমসি ক্লিনিক, ল্যাব এবং মডেল ফার্মেসি তিন বছরের জন্য (৩১ জুলাই , ২০২১ থেকে ১২ জুলাই , ২০২৪) গুনগত ব্যবস্থাপনা পদ্ধতির নির্দিষ্ট মানদন্ড বজায় রাখার জন্য আইএসও (ISO 9001: 2015) সার্টিফিকেট অর্জন করে। আইএসও সার্টিফিকেশন অ্যাওয়ার্ডটি ইউনাইটেড কিংডম অ্যাক্রিডিটেশন সার্ভিস (UKAS) দ্বারা স্বীকৃত। সার্টিফিকেশন বডি এসজিএস বাংলাদেশ ISO 9001 স্ট্যান্ডার্ডের সকল নির্দেশিকা এবং গুনগত মানদন্ডের সকল বিধি-বিধান এবং নিয়ন্ত্রণ পক্রিয়া পর্যবেক্ষণ করার পর এই প্রশংসাপত্র প্রদান করে।

এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড এবং সেন্ট্রাল ওয়্যারহাউজ তিন বছর মেয়াদি (১৯ জুলাই ২০২২ থেকে ১৫ জুলাই ২০২৫) আইএসও (ISO 9001: 2015) সার্টিফিকেট অর্জন করে। টোটাল কোয়ালিটি সার্টিফিকেশন সার্ভিসেস (TQCS) ইন্টারন্যাশনাল জুলাই ২০১৯ - জুলাই ২০২২-এর মধ্যে সফল নজরদারি এবং পুনঃপ্রত্যয়ন নিরীক্ষার পর এসএমসি ইএল-কে এই সার্টিফিকেট প্রদান করে।

## SMC and SMC EL Achieved ISO 9001:2015 Certificate

Social Marketing Company (SMC), Central Warehouse, SMC Niltara Clinic, SMC Clinic, Lab and Model Pharmacy have been awarded with ISO 9001:2015 certification for excellence in Quality Management for three years (July 31, 2021 to July 12, 2024). This ISO Certification is accredited by the United Kingdom Accreditation Service (UKAS). SGS Bangladesh is the certification body in Bangladesh who provides this certification upon monitoring all the guidelines of the ISO 9001 standard and compliance with the statutory and regulatory requirements.

SMC Enterprise Limited has also achieved the ISO 9001:2015 certification for three years from July 19, 2022 to July 15, 2025. Total Quality Certification Services (TQCS) International, the certification body, after the successful surveillance & recertification audit during July 2019 - July 2022 awarded SMC EL with the above certification.



## অবাচনিক যোগাযোগ বিষয়ক ওরিয়েন্টেশন

এসএমসি'র মানবসম্পদ বিভাগ গত ১০ নভেম্বর, ২০২২ তারিখে প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে এসএমসি এবং এসএমসি ইএল-এর ঊর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে একটি বিশেষ ওরিয়েন্টেশন সেশনের আয়োজন করে। অধিবেশনের উদ্দেশ্য ছিল অবাচনিক যোগাযোগ দক্ষতা এবং কৌশল সম্পর্কে এসএমসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাদের বিস্তারিত ধারণা প্রদান করা। সেশনটি পরিচালনা করেন এসএমসি এবং এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন এফসিএ। জনাব হোসেন একজন প্রখ্যাত চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট এবং পেশাদার কর্পোরেট প্রশিক্ষক। দেশের বিভিন্ন খ্যাতনামা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় তার ব্যাপক অভিজ্ঞতা রয়েছে। এছাড়াও তিনি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিলেন।

## ব্লু-স্টার নেটওয়ার্ক সম্প্রসারণ

ব্লু-স্টার নেটওয়ার্ক সম্প্রসারণের লক্ষ্যে এসএমসি'র প্রোগ্রাম বিভাগ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অনুমোদনক্রমে অক্টোবর থেকে ডিসেম্বর ২০২২-এর মধ্যে নিজস্ব তহবিল ব্যবহার করে ১,১২৫ জন নতুন সেবাপ্রদানকারীকে (পুরুষ-১০৫৯ জন এবং মহিলা-৬৬ জন) নেটওয়ার্কে অন্তর্ভুক্ত করেছে। মোট ৪৮ ব্যাচে (প্রতিটি ব্যাচ তিন দিন) নতুন সেবাপ্রদানকারীদের প্রশিক্ষণ দেয়া হয়। সেশনের আলোচ্য বিষয়গুলো ছিল জন্মবিরতিকরণ ইনজেকশন প্রদান প্রক্রিয়া, পরামর্শ প্রদানে দক্ষতা, মাতৃস্বাস্থ্য, শিশুর শারীরিক বৃদ্ধি পর্যবেক্ষণ ও প্রচার (GMP), মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার (MNP)-এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা, শিশু পুষ্টি, ডায়রিয়া ব্যবস্থাপনা, জিঙ্কের ব্যবহার, কৃমি সংক্রমণ প্রতিরোধ, সম্ভাব্য যক্ষ্মা রোগী শনাক্ত ও স্বাস্থ্যকেন্দ্রে রেফার করা, দীর্ঘমেয়াদি ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা, গর্ভাবস্থায় প্রাথমিক যত্ন, কোভিড-১৯ সহ ভাইরাস জ্বরের প্রতিরোধমূলক ব্যবস্থা এবং অন্যান্য স্বাস্থ্যগত সমস্যায় রেফারেল সেবা প্রদান ইত্যাদি। ইতোমধ্যে এই উদ্যোগটি কোম্পানির বিক্রয় এবং স্বাস্থ্য সেবার উল্লেখযোগ্য প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

## Orientation on Non-verbal Communication

Human Resources Division of SMC organized a special orientation for the senior management of SMC and SMC EL on non-verbal communication (human gesture and posture) on November 10, 2022 at the training room of SMC Head Office. The objective of the orientation was to provide a comprehensive understanding to the senior management with regard to the non-verbal communication skills and tactics. Mr. Muhammed Farhad Hussain FCA, Director of SMC and SMC EL Board conducted the session. Mr. Hussain has been a renowned Chartered Accountant and a professional corporate trainer with wide range of experience in conducting training with different prestigious institutions of the country. He also held senior strategic positions in many national and international organizations.

## Expansion of Blue Star Network

As a part of the continuous effort to expand Blue Star network with the approval from DGFP, SMC Program division included 1125 new providers (Male -1059 Female-66) during October to December' 22 utilizing its own fund. A total of 48 batches of basic training (3-day each batch) organized to train the new BSPs. The training sessions emphasized on family planning especially administration of injectable contraceptives, counseling, maternal health, child nutrition including Growth Monitoring and Promotion (GMP) and Micro Nutrient Powder (MNP), management of diarrhea, use of Zinc, family deworming, case identification and referral of TB & Long-acting Permanent Method (LAPM), basic pregnancy care, preventive measures of viral fevers including COVID-19 and other public health priority areas. This initiative of program implementation has already added value reflecting a substantial increase in sales and services.

**Chief Patron:** Toslim Uddin Khan, Managing Director & CEO
**Editorial Panel:** Md. Moshiur Rahman, Additional GM-Program Operations; Mohammad Mohiuddin Ahmed, Head-BCC; Md. Ahsan Rajib, Sr. Manager, Corporate Affairs; Husne Ara, Assistant Manager, Corporate Affairs; **Layout:** Md. Monzur Quader Amin, Manager, Creative Design; **Published by:** Corporate Affairs Department; **Acknowledgements:** All departments of SMC & SMC EL; **Address:** SMC Tower, 33 Banani C/A, Road - 17, Dhaka - 1213, Bangladesh; **Telephone:** +88 02 22225073-80, +88 02 222275085-92, **Website:** www.smc-bd.org